# বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

# শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০১৯

## ১.০০ পটভূমি

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহিত করতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭" এর আলোকে "বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র শুদ্ধাচার পুরস্কার নীতিমালা, ২০১৯" প্রণয়ন করা হলো। এ নীতিমালায় বর্ণিত সূচকের (Indicators) মাধ্যমে কেন্দ্রের ১ থেকে ২০ গ্রেডের কর্মচারীদের সামগ্রিক কর্মকান্ড মূল্যায়ন করা হবে। সে লক্ষ্যে কেন্দ্রের কর্মচারীগণকে দু'গ্রুপে ভাগ করা হবে। প্রত্যেক গ্রুপের জন্য আলাদা আলাদা শুদ্ধাচার কর্মসম্পাদন মূল্যায়ন সূচক ব্যবহৃত হবে। গ্রুপ দু'টির গঠন হবে নিম্নরূপ:

গ্রুপ ১: গ্রেড ১-৯ এর কর্মচারীদের জন্য (অনুষদ সদস্য)

গ্রুপ ২: গ্রেড ১০-২০ কর্মচারীদের জন্য

## ২.০০ উদ্দেশ্য

২:০১ কেন্দ্রের কর্মচারীগণের মধ্যে শুদ্ধাচার প্রতিপালন করা;

২.০২ কেন্দ্রের কর্মচারীগণের কর্মের মধ্যে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা করা;

২:০৩ কেন্দ্রের কর্মচারীগণের কর্মসম্পাদনে প্রতিযোগিতার মনোভাব তৈরি করা।

## ৩.০০ গ্রুপ ১ এর (অনুষদ সদস্যগণের) কর্মসম্পাদন সূচক

৩.০১ বাংলাদেশ সরকারের জাতীয় বেতন স্কেলের ১-৯ গ্রেডের অন্তর্ভুক্ত কর্মচারীদের (অনুষদ সদস্য) মূল্যায়ন করা হবে বস্তুগতভাবে যাচাইযোগ্য (Objectively verifiable) সূচকের মাধ্যমে। এ লক্ষ্যে গঠিত একটি কমিটি নিম্নোক্ত কর্মসম্পাদন সূচকসমূহ যাচাই করে একটি পয়েন্ট তালিকা তৈরি করবে।

**অনুষদ সদস্যগণের জন্য কর্মসম্পাদন মূল্যায়ন সূচকসমূহ:**

| সূচক | প্রত্যেক সংখ্যার জন্য পয়েন্ট |
|---|---|
| **১। প্রশিক্ষক কর্মসম্পাদন মূল্যায়ন সূচক থেকে প্রাপ্ত স্কোর**<br>(একজন অনুষদ সদস্যের প্রশিক্ষক কর্মসম্পাদন মূল্যায়ন সূচক থেকে অর্জিত পয়েন্টস-এর ২০% এখানে যুক্ত হবে। সে হিসেবে একজন অনুষদ সদস্য যদি প্রশিক্ষক কর্মসম্পাদন মূল্যায়ন সূচকে ১০০ পয়েন্টস পেয়ে থাকেন, তাহলে এখানে ২০ পয়েন্টস যুক্ত হবে। উল্লেখ্য যে, সেরা প্রশিক্ষক বাছাই নীতিমালা ২০১৯ অনুসারে প্রশিক্ষক কর্মসম্পাদন মূল্যায়ন সূচক নির্ধারিত হবে। | ২০ |
| **২। প্রকাশনা থেকে প্রাপ্ত স্কোর (Journal articles)**<br>(SCOPUS-indexed জার্নালের ক্ষেত্রে Q1 জার্নাল হলে একটি প্রকাশনার পয়েন্টস হবে ০৫। সেক্ষেত্রে সর্বোচ্চ ২টি প্রকাশনার জন্য ১০ পয়েন্টস যুক্ত হবে। প্রকাশনার পয়েন্টস হিসেব হবে নিম্নরূপভাবে: Q1=05 points; Q2=3.5 points; Q3=2.5 points; Q4=2 points; and non-indexed journal=1 point) | ১০ |
| **৩। গবেষণা/কনফারেন্স পেপার/বই বা বইয়ের অধ্যায় থেকে প্রাপ্ত স্কোর**<br>(একজন অনুষদ সদস্য প্রতিটি এককভাবে সমাপ্ত গবেষণা কর্মের জন্য ১০ পয়েন্টস পাবেন। দলীয় গবেষণার ক্ষেত্রে, ১০ পয়েন্টস দলের সদস্যদের মধ্যে সমানভাবে বন্টিত হবে। প্রতিটি কনফারেন্স পেপারের (fullpaper) ৫ পয়েন্ট থাকবে। তবে শুধুমাত্র abstract এর জন্য কোনো পয়েন্ট থাকবে না। প্রকাশিত প্রতিটি একক বই বা বইয়ের অধ্যায় এর জন্য ৫ পয়েন্ট পাবেন। গবেষণা/কনফারেন্স পেপার/বই বা বইয়ের অধ্যায় থেকে সর্বোচ্চ ১৫ পয়েন্টস যুক্ত হবে।) | ১৫ |

| সূচক | প্রত্যেক সংখ্যার জন্য পয়েন্ট |
|---|---|
| **৪। দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে ইলেক্ট্রনিক প্রযুক্তির ব্যবহার** (একজন অনুষদ সদস্য যদি বছরের সমস্ত চিঠি/নথি ই-নথি ব্যবহার করে সম্পাদন করেন তাহলে তিনি সর্বোচ্চ ১০ পয়েন্টস পাবেন। (একজন অনুষদ সদস্যের ই-নথি ব্যবহার করে সম্পাদিত চিঠি/নথির সংখ্যাকে ১০ দিয়ে গুণ করে গুণফলকে তার মাধ্যমে সম্পাদিত বছরের সমস্ত চিঠি/নথির সংখ্যা দ্বারা ভাগ করে যে ভাগফল পাওয়া যাবে তাই হবে তাঁর পয়েন্টস। উদাহরণ: যদি একজন অনুষদ সদস্য একটি বছরে মোট ১৮টি চিঠি ও ২৭ টি নথি (মোট ৪৫) ইস্যু করে থাকেন যার মধ্যে ১১টি চিঠি ও ১৯ টি নথি (মোট ৩০) ই-নথি ব্যবহার করে সম্পাদিত, তাহলে তাঁর পয়েন্টস হবে: ১০*৩০/৪৫=৬.৬৭।) | ১০ |
| **৫। ইনোভেশন কর্মকান্ড** (একজন অনুষদ সদস্য যদি তার অধিক্ষেত্রে বছরে একটি ইনোভেশন বাস্তবায়ন করেন যা কোনো সেবা প্রদান প্রক্রিয়াকে সহজতর করতে সক্ষম বা কোনো সেবার মান উন্নত করতে সক্ষম, তাহলে তিনি সর্বোচ্চ ১০ পয়েন্টস পাবেন। ইনোভেশন আইডিয়া বাস্তবায়ন শুরু হয়ে থাকলে ৫ পয়েন্ট পাবেন।) | ১০ |
| **৬। অফিসে উপস্থিতি** (কেন্দ্রে কর্মচারীগণ বায়োমেট্রিক মেশিনে যে দৈনিক হাজিরা দেন, প্রশাসন অনুবিভাগ তার একটি মাসিক হিসেব প্রতিমাসে প্রকাশ করবে এবং নিয়মিত কর্মচারীকে পুরস্কৃত করবে। উক্ত মাসিক হিসেব থেকে প্রতি অনুষদ সদস্যের বাৎসরিক হাজিরা হিসেব করে তা যদি কাঙ্খিত সময়ের সমান হয় (ছুটি বাদ দিয়ে, তাহলে তিনি সর্বোচ্চ ১০ পয়েন্টস পাবেন।) | ১০ |
| ৭। প্রত্যেক এমডিএস তার বিভাগের অনুষদ সদস্যগণের পেশাগত জ্ঞান ও দক্ষতা (১), নির্ভরযোগত্য ও কর্তব্যনিষ্ঠা (১), সততার নিদর্শন (১), সহকর্মীদের সাথে আচরণ (১), উপস্থাপন দক্ষতা (১) মাপকাঠি ব্যবহার করে তাদেরকে ৫ পয়েন্টের মূল্যায়ন করবেন। | ০৫ |
| **৮। ছুটি গ্রহণের প্রবণতা** (জরুরী প্রয়োজন ছাড়া কোন ছুটি গ্রহণ না করলে একজন অনুষদ সদস্য ৫ নম্বর পাবেন, প্রতি ১০% ছুটি গ্রহণের জন্য ১ নম্বর করে কমবে)। | ০৫ |
| ৯। সোস্যাল মিডিয়া এর ব্যবহার (Whatsapp গ্রুপে (১) movements, (২) knowledge sharing, (৩) experience sharing, (৪) official notification ইত্যাদি দেখে কমিটি সর্বোচ্চ ৫ পয়েন্ট প্রদান করবে।) | ০৫ |
| ১০। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে তৎপরতা, স্বপ্রণোদিত তথ্য প্রকাশে আগ্রহ, অভিযোগ প্রতিকারে সহযোগিতা ইত্যাদি দেখে কমিটি সর্বোচ্চ ৫ পয়েন্ট প্রদান করবে। | ০৫ |
| **১১। রেক্টর মহোদয় কর্তৃক সামগ্রিক মূল্যায়ন** | ০৫ |
| মোট= | ১০০ |

৩.০২ বাংলাদেশ সরকারের জাতীয় বেতন স্কেলের ১০-২০ গ্রেডের অন্তর্ভুক্ত কর্মচারীদের জন্য নিম্নোক্ত অবস্তুগত (subjective) মূল্যায়ন সূচকের মাধ্যমে কমিটি একটি পয়েন্ট তালিকা তৈরি করবেন ঃ

**অনুষদ সদস্য নন এমন কর্মচারীগণের (গ্রেড ১০-২০) জন্য কর্মসম্পাদন মূল্যায়ন সূচকসমূহঃ**

| ক্রম | সূচক (Indicators) | বরাদ্দকৃত পয়েন্টস |
|---|---|---|
| ১। | পেশাগত দক্ষতা, পরিবেশ বিষয়ক সচেতনতা, নেতৃত্ব দানের ক্ষমতা, উদ্ভাবনী ধারণা (নিয়ন্ত্রণকারী কর্মকর্তা পারফরমেন্সের ওপর ভিত্তি করে নম্বর দেবেন) | ১০ |
| ২। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে তৎপরতা, অভিযোগ প্রতিকারে সহযোগিতা | ১০ |
| ৩। | তথ্য প্রযুক্তি ব্যবহারে পারদর্শিতা, কম্পিউটার পরিচালনা | ১৫ |
| ৪। | ই-ফাইল ব্যবহারে আগ্রহ, সোশ্যাল মিডিয়া ব্যবহার | ১০ |
| ৫। | অফিসে সময়মত আগমন ও প্রস্থান, ছুটি গ্রহণের প্রবণতা (বায়োমেট্রিক মেশিনের জমাকৃত ডাটা হতে শতকরা হারে নম্বর পাবেন) | ১০ |
| ৬। | সময়মত নথি উপস্থাপন (উপস্থাপিত তথ্য যাচাই করে নিয়ন্ত্রণকারী কর্মকর্তা নম্বর দেবেন, বাছাই কমিটি দৈবচয়িতভাবে যাচাই করবেন।) | ১০ |
| ৭। | সততা, নির্ভরযোগ্যতা (নিয়ন্ত্রণকারী কর্মকর্তা পারফরমেন্সের ওপর ভিত্তি করে নম্বর দেবেন।) | ১০ |
| ৮। | আচরণ, শৃংখলা, বিধি-বিধানের প্রতি শ্রদ্ধাশীলতা (নিয়ন্ত্রণকারী কর্মকর্তা পারফরমেন্সের ওপর ভিত্তি করে নম্বর দেবেন।) | ০৫ |
| ৯। | সম্পাদিত কাজের গুণগতমান ও পরিমাণ | ১০ |
| ১০। | পোশাক-পরিচ্ছদ পরিচ্ছন্নতা, নির্ধারিত পোশাক পরিধান (যদি থাকে) (নিয়ন্ত্রণকারী কর্মকর্তা পারফরমেন্সের ওপর ভিত্তি করে নম্বর দেবেন) | ০৫ |
| ১১। | রেক্টর মহোদয় কর্তৃক সামগ্রিক মূল্যায়ন | ০৫ |
| | মোট= | ১০০ |

৩.০৩ অনুষদ সদস্য নন এমন কর্মচারিগণের (গ্রেড ১০-২০) কর্মসম্পাদন মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগ/অনুবিভাগ/শাখার তিন জন অনুষদ সদস্যের বর্ণিত সূচকসমূহ ব্যবহার করে পয়েন্ট সংগ্রহ করার পর তিন জনের গড় পয়েন্ট বের করে তা সংশিষ্ট কর্মচারির অর্জিত পয়েন্ট হিসেবে ব্যবহার করতে হবে। বিভাগ/অনুবিভাগ/শাখার তিন জন অনুষদ সদস্যের প্রদানকৃত পয়েন্ট গোপন রাখা হবে।

## ৪.০০ শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি গঠন

৪.০১ কেন্দ্রের একজন এমডিএস-এঁর নেতৃত্বে রেক্টর মহোদয় তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করবেন। কমিটি ১ থেকে ৯ গ্রেডের কর্মচারীদের মধ্য হতে একজন ও ১০ থেকে ২০ গ্রেডের কর্মচারীদের মধ্য হতে একজনকে পুরস্কার প্রদানের জন্য নির্বাচন করবে।

৪.০২ একটি পঞ্জিকা বৎসরে কেন্দ্রে কমপক্ষে ৬ মাস কাজ করেছেন শুধুমাত্র এমন কর্মচারীগণকে কমিটি পুরস্কার প্রদানের জন্য বিবেচনায় আনবে।

৪.০২ পঞ্জিকা বৎসরের হিসেবে (জানুয়ারি-ডিসেম্বর) কমিটি কর্মস্পাদন পয়েন্ট তালিকা তৈরি করবে।

## ৫.০০ পুরস্কারের মান

পুরস্কার হিসেবে একটি সার্টিফিকেট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করা হবে।




BPATC

www.bpatc.org.bd

শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০১৯

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা